



১৫ মার্চ পর্যন্ত সংসদ অধিবেশন স্থগিত ঘোষণা



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বৃহস্পতিবার (১২ মার্চ) শেষ হয়েছে বিরোধী দলের ওয়াক আউট এবং রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের ভাষণের মধ্য দিয়ে। ভাষণ শেষে রাষ্ট্রপতি সংসদ কক্ষ ছেড়ে যান। এরপর জাতীয় সঙ্গীতের সময়ে সংসদ সদস্যরা দাঁড়িয়ে শ্রদ্ধা জানান এবং ডিজিটাল স্ক্রিনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

পরে সংসদের নবনির্বাচিত স্পিকার হাফিজ উদ্দিন আহমদ আগামী রবিবার (১৫ মার্চ) সকাল ১১টা পর্যন্ত অধিবেশন মূলতবি ঘোষণা করেন।

ত্রয়োদশ জাতীয় সংসদে স্পিকার ও ডেপুটি স্পিকারের অনুপস্থিতিতে অধিবেশন পরিচালনার জন্য পাঁচ সদস্যের সভাপতিমণ্ডলী মনোনয়ন দেয়া হয়েছে। এতে ঢাকা-৮ আসনের বিএনপির এমপি মিজা আব্বাস উদ্দিন আহমেদ, ঢাকা-২ আসনের বিএনপির এমপি গয়েশ্বর চন্দ্র রায়, নরসিংদী-১ আসনের বিএনপির এমপি আব্দুল মইন খান, কুমিল্লা-৬ আসনের বিএনপির এমপি মোহাম্মদ মনিরুল হক চৌধুরী এবং রংপুর-২ আসনের জামায়াতে ইসলামী এমপি এটিএম আজহারুল ইসলাম রয়েছেন।